

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা ।

'বাংলায় অনুদিত'

এফই সার্কুলার নং- ১৯

তারিখ : মে ০৪, ২০১৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,


সফটওয়্যার মেইনটেন্যান্স/ সাপোর্ট ফি ছাড়করণ প্রসঙ্গে ।

বিদ্যমান বৈদেশিক মুদ্রা ব্যবস্থায় সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক সফটওয়্যার মেইনটেন্যান্স/ সাপোর্ট ফি বাবদ বৈদেশিক মুদ্রা ছাড়করণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন প্রয়োজন ।

০২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সফটওয়্যার এর পিরিয়ডিক্যাল মেইনটেন্যান্স/ সাপোর্ট ফি ছাড়করণের ক্ষেত্রে চুক্তির কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন না হলে প্রথমবার অর্থ প্রেরণের ক্ষেত্রে কেবল বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন আবশ্যিক হবে। প্রথমোক্ত লেনদেনটি যথার্থ হলে সংশ্লিষ্ট চুক্তির মেয়াদ থাকা এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত অনুমোদনের শর্তসমূহ পরিপালন সাপেক্ষে যথাযথ ইনভয়েস এর ভিত্তিতে অনুমোদিত ডিলার ব্যাংক স্থায়ী সন্তুষ্টি সাপেক্ষে বৈদেশিক মুদ্রা ছাড় করতে পারবে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০৩১৯